# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## উপজেলা পরিষদ
## তাহিপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

ফেব্রুয়ারী/২০২৩ মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ
সভাপতি ঃ জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৩-০২-২০২৩খ্রি.সময়: বেলা-১২.০০ ঘটিকা।

উপস্থিত, উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।
সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। সভায় জানান মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকরের লক্ষ্যে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্বায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে সংশোধন / সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প কমিউনিটি ক্লিনিকসমূহে সেবার মান বৃদ্ধি করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে নজরদারি করার জন্য অনুরোধ জানান। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br><br>০২। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মান বৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা | উপজেলা স্বাস্থ্য ও পঃপ অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। বোর ফসল আবাদ হয়েছে ১৭৪২০ হেক্টও, হাওরে আবাদ হয়েছে ১৩৩৯০ হেক্টর, নন হাওরে ৪০৩০ হেক্টর। তাছাড়া মাঠে বিভিন্ন ফসলের কর্তন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ফসলের অবস্থা ভালো কোন রোগ বালাই নেই। সেচ নিয়েও কোন প্রকার সমস্যা এক নপর্যন্ত হয় নাই। ফসলের মাঠ নিয়মিত পরিদর্শন করে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদেরকে পরামর্শ প্রদান করেছেন। হাওরের বাধের কাজ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সার ও কীট নাশক নিয়ে কোন প্রকার সমস্যা হয় নাই। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে হাওরের বোর ফসলের কর্তনের পূর্ব পর্যন্ত নিয়মিত মাঠে পরিদর্শন করা এবং কৃষকদের সঙ্গে পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া হাওরের বেরী বাঁধ সম্পর্কেও নিয়মিত মনিটরিং করা এবং সার্বিক ভাবে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে, তার দপ্তরের জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। তিনি আরও জানান আগামী ২৫ শে ফেব্রুয়ারী/২০২৩ তারিখে উপজেলা শেখ রাসেল স্টেডিয়ামে প্রাণিসম্পদ প্রদর্শনী শুরু হবে। তাছাড়া প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগীকরে তোলা, এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা উপজেলা প্রাণি সম্পদ অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০৩। বিস্তারিত আলোচনান্তে ২৫ ফেব্রুয়ারী/২০২৩ তারিখ প্রাণিসম্পদ প্রদর্শনী কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | মৎস্য বিভাগ ঃ | উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান বিল ইজারাদারগণ যদি বিল সেচ দিয়ে মাছ আহরণ করে তাহলে মৎস্য উৎপাদন কমে যাবে। এ বিষয়ে উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয় | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে। বিল সেচের বিষয়ে কোন প্রকার তথ্য পাওয়া গেলে তাৎক্ষনিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। (সংশ্লিষ্ট |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের বিষয়ে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর |
| ০৭ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির দরপত্র আগামী ২৮-০৩-২০২৩ তারিখ গ্রহণ করা হবে। দ্রুত সময়ের মধ্যে লটারীর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সকলকে অবহিত করেন। উপজেলা প্রকৌশলী সভায় জানান মৎস্য অফিসের অতিরিক্ত কক্ষ সম্প্রসারণ ও টয়লেট নির্মাণ কাজ চলমান আছে। যার প্রাক্কলিত মূল্য ৩,০০,০০০/- ( তিন লক্ষ)। জরুরী ভিত্তিতে রাজস্ব/ উন্নয়ন তহবিল হতে স্কীম বাস্তবায়নের লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে স্কীম আহবান করা হয়েছে। ইউনিয়নয়ন পরিষদ, উপজেলা পরিষদ, এবং বিভিন্ন ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকের জন্য আইপিএস ক্রয়ের জন্য সভায় আলোচনা করা হয়। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, তাহিরপুর সদর জানান বীরজয় লক্ষীপুর ধুতমা সঃপ্রাঃবিঃ নদী ভাঙ্গনে ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে প্রোটেকশন ওয়াল, এবং মাটি কাটা ও প্রটেকশন ওয়াল নির্মাণ করা প্রয়োজন। তা না হলে এ বর্ষা মৌসুমে স্কুলটি ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জরুরী ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। রাজস্ব/উন্নয়ন তহবিল হতে স্কীমের তালিকা দ্রুত দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাণগণকে অনুরোধ করা হলো।<br>২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে মৎস্য অফিসের অতিরিক্ত কক্ষ সম্প্রসারণ ও টয়লেট নির্মাণ কাজ যার প্রাক্কলিত মূল্য ৩,০০,০০০/- ( তিন লক্ষ) টাকা। কাজটি সমাপ্ত সাপেক্ষে বিধি মোতাবেক উক্ত ব্যয় বিল যাচাই বাছাই করে উপজেলা পরিষদের রাজস্ব/উন্নয়ন উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০৩। বিস্তারিত আলোচনান্তে বীর জয় লক্ষীপুর ধুতমা সঃপ্রাঃবিঃ নদী ভাঙ্গনে ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চেয়ারম্যান, বালিজুরী ইউনিয়ন পরিষদ, তাহিরপুর সভায় জানান দীর্ঘ দিন ধরে বালিজুরী সাবাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটির দরজা জানালা মেরামতের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহরপুরকে বলা হলেও তিনি কোন প্রকার পদক্ষেপ গ্রহণ না করায় ইউনিয়ন বাসি সেবা হতে বিঞ্চিত হচ্ছে। এ বিষয়ে পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর সভায় জানান Fwoএর কোন বরাদ্দ না থাকায় মেরামত করা সম্ভব হয়নি। তাছাড়া বালিজুরী ও বাদাঘাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামতের জন্য প্রকৌশলী এইচ ই ডি বরাবও পূর্বেই আবেদন করা হয়। তাছাড়া তৎ এইচ ই ডি কর্তৃক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বালিজুরী পাঠাবুকা,বাদাঘাট স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র আগামী মার্চ/২০২৩ প্রথম সপ্তাহে টেন্ডার হবে বলে মর্মে সভায় সকলকে অবহিত করেন। উপজেলা পরিবার পরিকল্পা অফিসার,তাহিরপুর সভায় জানান জন্ম মৃত্যু নিবন্ধনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ তাহিরপুর এর পরিবার পরিকল্পনা পরির্দশক সকলকে মনিটরিংও সুপারভিশনের দায়িত্ব দেওয়া | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর বাদাঘাট ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে পাঠাবুকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বালিজুরী ইউনিয়নে বালিজুরী স্বাস্থ্য ও পরিবার স্বাস্থ্য কল্যাণ পুনর্নির্মাণ করার জন্য সভায় উপস্থিত একমত পোষণ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর এ দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>০২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কমিউনিটি ক্লিনিকে নবজাতকের জন্ম গ্রহণ করার সঙ্গে সঙ্গে জন্ম সনদ ও মৃত্যু সনদ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তথ্য নিয়মিত তথ্য প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা অফিসার, তাহিরপুর (সংশ্লিষ্ট সকল) |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তার দপ্তরের টিনের চাল সংস্কার ও মেরামত করা প্রয়োজন। গণ মিলানায়তন কেন্দ্র ০৭ ইউনিয়নে ০৭টি গণ মিলনায়তন কেন্দ্রের জমির খতিয়ান, দাগ নম্বর সংগ্রহ করা হচ্ছে। এগুলো সংস্কার করে সমাজসেবার কাজ ত্বরান্বিত করতে হবে। চেয়ারম্যান বাদাঘাট, চেয়ারম্যান, তাহিরপুর সদর ও চেয়ারম্যান, বালিজুরী সভায় জানান প্রাক্তন কিছু ভাতাভোগী পূর্বে ভাতা প্রাপ্ত হওয়ার পর বর্তমানে তার ভাতা পাচ্ছেন না। এ বিষয়ে সমাজসেবা অফিসার, তাহিরপুর সভায় জানান এম আই এস এ এন্টি না হওয়ায় তাদের তালিকা বাতিল হয়েছে। উপজেলা সমাজসেবা কর্তৃক বিভিন্ন ভাতা প্রদানে সোনালী ব্যাংক লিঃ তাহিরপুর শাখা হতে জনসাধারণ সেবা হতে হয়রানি হচ্ছে। উপজেলা চেয়ারম্যান সভায় জানান কোন ভাবেই জনসাধারণ উপজেলা সমাজসেবা অফিস হতে সেবা প্রদানে বিঘ্নিত না হয় এ বিষয়ে উপজেলা সামজসেবা অফিসার, তাহিরপুর ও ব্যবস্থাপক সোনালী ব্যাংক লিঃ তাহিরপুর শাখা এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা দপ্তরের টিনের চাল সংস্কার ও মেরামত করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর এর দৃস্টি আকর্ষণ করা হয়।<br><br>০২। বিস্তারিত আলোচনান্তে ০৭ ইউনিয়নে ০৭টি গণমিলনায়তন কেন্দ্র কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>০৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা সাজসেবা কর্তৃক বিভিন্ন প্রকারের ভাতাভোগিদের সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত না করে কোন নাম সংযুক্ত / বাতিল না হয় বিধি মোতবেক এ বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ৮০ শতাংশ পাঠ্য বই বিতরণ করা হয়েছে এবং ৭ম শ্রেণীর বই সংকট রয়েছে। তিনি আরও জানান জনতা উচ্চ বিদ্যালয়ে ২৮-০২-২০২৩ তারিখে ৪র্থ শ্রেণীর জনবল লোক নিয়োগ করা হবে। চেয়ারম্যান বালিজুরী ইউনিয়ন পরিষদ, সভায় জানান, বালিজুরী হাজী এলাহী বক্স উচ্চ বিদ্যালয়ে নিয়োগ বাণিজ্য হয়েছে। এ বিষয়ে বিধি মোতাবে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। বাদাঘাট চেয়ারম্যান সভায় জানান বাদাঘাট পাবলিক উচ্চ বিদ্যালয়েও নিয়োগ সংক্রান্ত বিষয়ে জটিলতা রয়েছে বিষয়টি সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অুনরোধ করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বাদাঘাট, পাবলিক উচ্চ বিদ্যালয়, হাজী এলাহী উচ্চ বিদ্যালয়, জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়টি সুষ্ঠ তদন্তপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলায় সমবায় বিভাগ কর্তৃক মোট ১২৭ টি সমমিতি নিবন্ধনকৃত।২০২২-২০২৩ সনে এ পর্যন্ত ০৯ টি সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। তমধ্যে আশ্রয়ন প্রকল্প ০৩ টি সমবায় সমমিতি নিবন্ধন ও ০২ টি আশ্রয়ন প্রকল্পভূক্ত সমিতি নিবন্ধনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এ চাড়া লজিক প্রকল্পের ০৪টি সমবায় সমিতি নিবন্ধনের কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২০২৩ সনে ৪০,২৬০/- ( চল্লিশ হাজার দুইশত ষাট) টাকা সরকারি রাজস্ব আদায় করা হয়েছে এবং সংশ্লিষ্ট কোডে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। সমবায় বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলায় মোট সমবায় কর্তৃক মোট রেজিস্ট্রেশনকৃত সমিতির মৎস্য সমিতি ও অন্যান্য সমিতি নামের তালিকা উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর বরাবরে দাখিল করার জন্য এবং উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা সবমায় অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তাদের ভাতা প্রদান করা হচ্ছে। ঋণ দান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে এবং প্রশিক্ষনার্থীদেও ভাতা সুষ্ঠভাবে সম্পন্ন হচ্ছে। তা ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তারা যে সকল প্রতিষ্ঠানে কর্মরত রয়েছে। সে সকল প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের নিয়মিত কর্মস্থলে উপস্থিতি যাচাই বাছাই করে প্রত্যয়ন পত্র দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন/ সংশ্লিস্ট সকল |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যয়য়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদেও মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসুচির ২য় পর্যায়ের কাজ চলমান। গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কর্মসুচির ১ম পর্যায়ের কাজের গড় অগ্রগতি ৯০%। গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কর্মসুচির ২য় পর্যায়ের প্রকল্প গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্প অনুমোদনের জন্য জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। উপজেলা অস্থায়ী ত্রাণ সামগ্রী গুদামটি সংস্কার ও মেরামত করা জরুরী। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে ২০২২-২০২৩ অর্থবছরে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আর্কণ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় উপস্থিত অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকারা জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লীউন্নয়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তাদের বিভাগের VWB কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের উপকার ভোগীর জানুয়ারী/২০২৩, ফেব্রুয়ারী/২০২৩ মাসের খাদ্য শস্য ডিও দৌযা হয়েছে। যেহেতু উপকারভোগীর মধ্যে এখনও কার্ড বিতরণ করা হয় নাই। সেহেতু উপকারভোগীর মধ্যে কার্ড বিতরণ কওে খাদ্য শস্য বিতরণের জন্য অনুরোধ করা হয়। কোন ভাবেই কার্ড বিতরণ ছাড়া খাদ্য শস্য ( চাল ) বিতরণ করা যাবেনা। তিনি আরও জানান মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের মাস ওয়ারী ইউনিয়ন ভিত্তিক বিভাজন অনুযায়ী কার্যক্রম নিয়মিত চলছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে তাদের বিভাগের VWB কর্মসুচির আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের উপকার ভোগীর মধ্যে কার্ড বিতরণ করে জানুয়ারী/২০২৩, ফেব্রুয়ারী মাসের খাদ্য শস্য বিতরণে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে তিনি আরও জানান মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ইউনিয়ন ওয়ারী উপকার ভোগী বিভাজন অনুয়ীয় বিধি মোতেবক কার্যক্রম পরিচালনা করার জন্য এ বিষয়ে সভায় উপস্থিত সকল একমত পোষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর<br>০২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর, ০৩। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, সকল। |
| ১৭ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি আরও জানান তার দপ্তরের সামনে একটি ঝুঁকিপূর্ণ নারিকেল গাছ রয়েছে। যেকোন সময় দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে। দ্রুত এ টি অপসারণের জন্য অনুরোধ করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর, উপজেলা আনসার ভিডিপি অফিসের সামনে একটি ঝুকি পূর্ণ নারিকেল গাছ রয়েছে। উপজেলা কমিটিকে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ১৮ | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক অফিসার |
| ১৯ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর বাদাঘাটের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল দ্বারা উপজেলা পরিষদের দোকান ঘর নির্মাণ করার জন্য সভায় আলোচনা করা হয়। নতুন একটি শহীদ মিনার নির্মাণের জন্য সভায় আলোচনা করা হয়। উপজেলা পরিষদের মাসিক সভায় উপজেলা পরিষদের সকল কর্মকতাগণ নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃবিস্তারিত আলোচনান্তে উপজেলা তাহিরপুর বাদাঘাটের রাস্তা একটি জনগুরুত্বপূর্ণ রাস্তা জনসাধারণ চলাচল করার সুবিধার্থে রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উপজেলা পরিষদের নির্দিষ্ট স্থান নির্বাচন করে নতুন একটি শহীদ মিনার নিঁণের জন্য সর্বসম্মত্রিকমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে একটি মার্কেট নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর<br>০২। উপজেরা প্রকৌশলী, তাহিরপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৩/২০২৩

করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ



CamScanner

স্মারক- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯-৬৫ (৫০), তারিখ: ২৮-০২-২০২৩খ্রি.

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
০৯। ........................................................................................(জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল), সুনামগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১০। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। উপজেলা..................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১২। চেয়ারম্যান, ..................................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১৩। অফিস নথি/ মাস্টার ফাইল।

সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
e-mail:unotahirpur@gmail.com



CamScanner

সভাপতি: জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ

উপজেলা পরিষদের মাসিক সভা। স্থান: উপজেলা বঙ্গবন্ধু কনফারেন্স রুম

তাং:- ২৬/০২/২০২৬ সময়: বেলা-১২.০০ ঘটিকা

| ক্র নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল | চেয়ারম্যান, উপজেলা পরিষদ তাহিরপুর | |
| ০২ | জনাব সুপ্রভাত চাকমা | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | |
| ০৩ | জনাব নিজাম উদ্দিন | চেয়ারম্যান, বাদাঘাট - ইউপি | মো: নিজাম উদ্দিন |
| ০৪ | জনাব আবুল হোসেন | ঐ বালিজুরী ইউপি | [signature] |
| ০৫ | জনাব আলী আহমদ মুরাদ | ঐ শ্রীপুর দঃ ঝিরি ইউপি | [signature] |
| ০৬ | জনাব নুরুল আলী | ঐ তাহিরপুর সদর | [signature] |
| ০৭ | জনাব মাসুক মিয়া | ঐ বড়দল উত্তর ইউপি | [signature] |
| ০৮ | জনাব ইদ্রিছ আলী | ঐ বড়দল দক্ষিণ ইউপি | [signature] |
| ০৯ | ডা. মো. রিয়াজ উদ্দিন | মেডিকেল অফিসার UHC তাহিরপুর | [signature] |
| ১০ | মো: জুলহাস উদ্দিন | UFPO | [signature] |

| ক্রম | | | |
|---|---|---|---|
| ১১ | তৌফিক আহমেদ উপজেলা সমাজসেবা অফিসার | ৩১১০ | ২৩.০৮.২০২৩ |
| ১২ | সাইফুল ইসলাম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভাঃপ্রাঃ) [illegible] | |
| ১৩ | পলাশ চন্দ্র মণ্ডল | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১৪ | কাজী মাহবুবুর রহমান | পিআইও | |
| ১৫ | আশীষ আচার্য্য | ইউ. সিড | |
| ১৬ | নীতিশ চন্দ্র বর্মন | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ১৭ | মোঃ জাহাঙ্গীর হোসেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ১৮ | মোঃ ইউসুফ আলী | উপজেলা মৎস্য কর্মকর্তা [illegible] | |
| ১৯ | মোঃ আরিফ উল্লাহ খান। | উপজেলা প্রকৌশলী | |
| ২০. | মাজহারুল হক মজুমদার | কৃষি সম্প্রসারণ অফিসার | |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| ২১ | ফারুকুজ্জামান রনি<br>সহকারী কমিশনার (ভূমি)<br>তাহিরপুর | | |
| 22 | ম. আবির আহসান<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | | |
| 2৩ | [illegible] | চেয়ারম্যান<br>[illegible]<br>ইউ/পি | |
| ২৪ | মোঃ মিজানুর রহমান<br>USEO | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>তাহিরপুর, সুনামগঞ্জ | 2৩/২/2৬ |
| ২৫ | মোঃ আব্দুল আউয়াল মিয়া | AUEO | |
| 2৬ | Dr. [illegible] রহমান | UHFPO, Tahirpur<br>Sunamgong | |
| | | | |
| | | | |
| | | | |